

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ

<http://dss.mithamoin.kishoreganj.gov.bd/>

স্মারক নম্বর : ৪১.০১.৪৮৫৯.০০০.০০.০১৭.১৮. ৩৬

তারিখ : ০৬ এপ্রিল ২০২৬ খ্রি.

বিষয় : ২০২৫-২০২৬ অর্থ বছরে সৃষ্ট পদে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার জন্য আবেদনকারীদের তথ্য যাচাই সাপেক্ষে ভাতা পাওয়ার যোগ্য ব্যক্তি নির্বাচন ও মৃত ভাতাভোগীদের তালিকা প্রনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে সৃষ্ট পদে বিভাজন অনুসারে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা প্রদানের জন্য অনলাইনে আবেদনকারীদের তথ্য(প্রেরিত/সংযুক্ত তালিকা হতে) নীতিমালা অনুসারে যাচাই সাপেক্ষে ভাতা পাওয়ার যোগ্য ব্যক্তিদের তালিকা এবং নিয়মিত ভাতাভোগীদের মাঝে মৃত্যুবরণকারী ও স্থায়ীভাবে অন্যত্র স্থানান্তরিত তাদের পে-রোল বাতিলপূর্বক প্রতিস্থাপনের জন্য উপযুক্ত অপেক্ষমান তালিকা ইউনিয়ন কমিটি মাধ্যমে প্রনয়ন করে সভার কার্যবিবরণীসহ নিম্নস্বাক্ষরকারির নিকট আগামী ২০ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

ভাতার নাম	২০২৫-২০২৬ অর্থ বছরে ইউনিয়ন অনুযায়ী নতুন সৃষ্ট পদের বিবরণ(সংখ্যায়)							
	গোপদিঘী	মিঠামইন	ঢাকী	ঘাগড়া	কেওয়ারজোড়	কাটখাল	বৈরাটি	মোট
বয়স্ক ভাতা	১৬	২০	১৫	২৩	৮	৭	৫	৯৪
বিধবা ভাতা	২৫	২০	১৩	২৯	১৫	১২	৬	১২০
প্রতিবন্ধী ভাতা	৩০	৩৩	২৯	২২	১৫	২২	৫	১৫৬

দৃষ্টি আকর্ষণ:

১. পে-রোল প্রদানের সময় পূর্ব নির্ধারিত থাকায় মৃত ভাতাভোগীদের চিহ্নিতপূর্বক বাতিল করে নতুন নির্বাচনকৃত ব্যক্তিদের পে-রোল যথাসময়ে সম্পন্ন করতে হবে। অন্যথায় প্রচুর সরকারি অর্থ মৃতভাতাভোগীদের একাউন্টে চলে যাবে। এতে অসহায় বিপুল সংখ্যক জনগণ তাদের অধিকার হতে বঞ্চিত হবে।
২. ২০২৫-২০২৬ অর্থ বছরে সৃষ্ট পদে ভাতার জন্য চূড়ান্তভাবে নির্বাচিতদের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মৃত ভাতাভোগীদের মৃত্যুর সনদপত্র তালিকার সাথে সংযুক্ত করতে হবে।
৩. নতুন সৃষ্ট পদ ও প্রতিস্থাপনের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত উভয় ক্ষেত্রে ভাতা প্রদানের জন্য প্রত্যেকের নিজ জাতীয় পরিচয় পত্রের মাধ্যমে ক্রয়কৃত মোবাইল SIM এ বিকাশ একাউন্ট খোলে তা স্ট্যাটাসমেন্টসহ নিম্নস্বাক্ষরকারির কার্যালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে।
৪. বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ক্ষেত্রে চেয়ারম্যান কর্তৃক বিধবা বা স্বামী নিগৃহীতা মহিলার প্রত্যয়ন পত্র দিতে হবে।
৫. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে প্রতিবন্ধিতার সনদ(সূবর্ণ নাগরিক কার্ড) থাকতে হবে। সূবর্ণ নাগরিক কার্ড না থাকলে জরুরিভিত্তিতে উপজেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন করতে হবে।
৬. কোন ভাতাভোগী অন্যত্র চলে গেলে বা স্থায়ীভাবে স্থানান্তরিত হলে তার প্রত্যয়ন পত্র থাকতে হবে।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য <http://dss.mithamoin.kishoreganj.gov.bd/> এবং 'মিঠামইন সমাজসেবা' নামে Whatsapp গ্রুপে পাওয়া যাবে।

সংযুক্ত: বর্ণনামতে অনলাইনে আবেদনকারীদের তালিকা।


(মোহাম্মদ আব্দুল্লাহ আলমামুন)

উপজেলা সমাজসেবা অফিসার(অতি:দা):
মিঠামইন, কিশোরগঞ্জ
মোবাইল: ০১৭১২৮৬৯৭৬১

১. চেয়ারম্যান ও সভাপতি, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত ইউনিয়ন কমিটি
..... ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ।
২. ইউনিয়ন সমাজকর্মী(সকল)/কারিগরি প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ ও সদস্য-সচিব, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত ইউনিয়ন কমিটি. ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা
২. পরিচালক(কার্যক্রম/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ঢাকা
৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ
৭. উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ
৮. জাতীয় সংসদ সদস্য মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মিঠামইন, কিশোরগঞ্জ(মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. অফিস কপি